# শ্রীশ্রীহরি সঙ্গীত

১। তুই নয়ন মোর বান্ধব ছিলি, তবে কেন পলক দিলি।
পলক রূপ হারাইলি, আর কি দেখা পাব ফিরে।।
২। তুই নয়ন থাকতে প্রহরী, তবে কেন সেই চোরা হরি।
মনপ্রাণ ক'রে চুরি, আমারে যায় পাগল ক'রে।।
৩। যে রূপেতে মন মজিল, সেও যদি আজ ছেড়ে গেল।
এ জীবনে কাজ কি বল, কাজ কি এ ছার জীবন ধরে।।
৪। মন প্রাণ দিলাম যারে, সেও যদি আজ না চায় ফিরে।
এ দুঃখ আর ব'লব কারে, ঐ দুঃখে মোর বুক বিদরে।।
৫। গোলোকচাঁদের মনচোরা, মহানন্দের মন হরা।
ধ'রবি যদি অধর ধরা, অশ্বিনী থাক জীয়ন্তে ম'রে।।

## ১২৯ নং তাল-আড়খেমটা

হরি দয়াময় ক'রলে কি আমায়,
তব বিচ্ছেদ জ্বরে দহিছে হৃদয়।
প্রেম দাবানলে, সদায় মরি জ্বলে,
এই ছিল কপালে করি কি উপায়।।

১। তব বিচ্ছেদ জ্বর হইল প্রবল,
চিন্তাপথ্য তায় কুপথ্য ঘটা'ল।
সাত্ত্বিক বিকারে ক্ষেত বৃদ্ধি করে,
হরি বারি বিনে পিপাসায়প্রাণ যায়।।
২। বুঝতে নারি গতি, যেন সান্নিপাতি,
দুরন্ত পিপাসা, না হয় নিবৃত্তি।
দুর্ব্বৈদ্য আসিয়া, শিয়রে বসিয়া,
এক বিন্দু বারি, না দিল আমায়।।
৩। অধৈর্য্য উলুর্ব্বান, নাহি কোন জ্ঞান,
জলধর বিনে জ্বলে যায় প্রাণ।